

২গ. মনোবিজ্ঞানীরা বলেন, ‘মানুষের মধ্যে আদিম সত্তার উপস্থিতি আছে।’ – বক্তব্যের প্রেক্ষিতে সুরধনীর ডাইনি হয়ে ওঠার কাহিনিটি বিশ্লেষণ করো। ১০

৩ক. ‘বাঙ্গালা ভাষা’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্র বাংলা সাহিত্যের যে-ভাষাকে গ্রহণযোগ্য মনে করেছেন তার শব্দগত চরিত্র বর্ণনা করো। ১০

অথবা

৩খ. ‘কেকাধ্বনি’ শ্রুতিকটু হওয়া সত্ত্বেও কবিদের প্রশংসাধন্য। পাঠ্য প্রবন্ধে রবীন্দ্রনাথ এই ঘটনার কী ব্যাখ্যা দিয়েছেন, নিজের ভাষায় আলোচনা করো। ১০

৪ক. বাল্মীকির রামকে বাঙালি পাঠকের কাছে আরও বেশি মহিমান্বিত করতে গিয়ে কৃত্তিবাস মূল রামায়ণ থেকে অনেকটা দূরে সরে গেছেন। বুদ্ধদেব বসু এই নিজস্বতা আরোপকে কীভাবে দেখেছেন? ১০

অথবা

৪খ. ভারতীয় শিক্ষা-ব্যবস্থার ভাষাগত মাধ্যম প্রসঙ্গে যদুনাথ সরকারের সঙ্গে সৈয়দ মুজতবা আলীর মতের মিল ও অমিল দুই আছে। ‘ইংরিজি বনাম মাতৃভাষা’ প্রবন্ধে অবলম্বনে তাদের মতাদর্শগত অবস্থান বিশ্লেষণ করো। ১০

অথবা

৪গ. ‘হিন্দু মুসলমান’ প্রবন্ধে অন্নদাশঙ্কর রায় ভারতীয় হিন্দু ও মুসলমানের মধ্যকার দূরত্বের যে কারণগুলি উল্লেখ করেছেন তা কতটা গ্রহণযোগ্য বলে মনে হয় লেখো। ১০

কলাস্নাতক অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৮

(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেস্টার)

বাংলা গল্প ও গদ্য

কোর্স জি.ই. - ২.১১

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও।

১ক. ‘রতনের মনে কোনো তত্ত্বের উদয় হইল না’ – রবীন্দ্রনাথের ‘পোস্টমাস্টার’ গল্পে ‘তত্ত্ব’টি আসলে কার মনে, কেন উদয় হয়েছিল? কেনই বা রতনের মনে কোনো ‘তত্ত্ব’ এল না, বুঝিয়ে দাও। ৫+৫=১০

অথবা

১খ. ‘ছুটি’ গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো। ১০

২ক. ‘স্টোভ’ গল্পে স্টোভ বস্তুটিকে পটভূমি করে তিনটি নারীপুরুষ চরিত্রের যে মানসিক জটিলতার আবর্ত তৈরি হয়েছে, তা আলোচনা করো। ১০

অথবা

২খ. বর্তমান ও পৌরাণিক দুটি প্রেক্ষাপটের সূত্রে দুঃশাসনীয় গল্পের নামকরণ কতটা সঙ্গত হয়েছে বলে তুমি মনে করো, জানাও। ১০

অথবা